

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৯০

পানিসাগর, ২০ সেপ্টেম্বর, ২০২৪

শারদোৎসব উপলক্ষে পানিসাগরে মতবিনিময় সভা

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে আসন্ন শারদোৎসবকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ এক সভা অনুষ্ঠিত হয়। পানিসাগর মহকুমা শাসক কার্যালয়ের সভা কক্ষে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন পানিসাগর নগরপঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। সভায় মহকুমা প্রশাসনের পক্ষ থেকে দুর্গাপূজা সহ অন্যান্য উৎসবগুলিতে রাজ্য সরকারের জারি করা বিভিন্ন বিধিনিয়েধগুলি সম্পর্কে অবহিত করা হয়। সভায় মহকুমা শাসক (ভারপ্রাপ্ত) অনিবার্য দাস এবং মহকুমা পুলিশ আধিকারিক সৌম্য দেববর্মা উৎসবের দিনগুলিতে শান্তি-শৃঙ্খলা বজায় রেখে এবং সরকারি বিভিন্ন বিধিনিয়েধ মেনে দুর্গোৎসব আয়োজন করার জন্য বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির প্রতি আহ্বান জানান। সভায় পানিসাগর নগরপঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, দামছড়া রাকের বিডিও অনুপম চাকমা, ডেপুটি কালেক্টর দিবাকর জমাতিয়া, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।
